28 OCT 1989

দৈনিক ইত্তেফাক

তারিখ 28 OCT 1989
পৃষ্ঠা ২ কলাম ৭

152

## প্রসঙ্গ ঃ বেসরকারী স্কুল-কলেজ

দেশের বেসরকারী কলেজ ও হাইস্কুল পরিচালনা পরিষদের দ্বারা ইচ্ছামাফিক পরিচালিত হইতেছে। ইহাতে পৃথক পৃথক দৃষ্টিভঙ্গির কারণে বেসরকারী শিক্ষা ব্যবস্থা জনপ্রিয়তা লাভ করিতে পারে নাই। অথচ গণচীনের বেসরকারী-পরিচালনাধীন মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা গোটা চীনের চাহিদা পূরণে সক্ষম।

আমাদের দেশের শিক্ষাঙ্গন-সমূহে বর্তমানে যে অস্থিরতা বিরাজ করিতেছে উহা দূর করিতে হইলে জাতীয় ভিত্তিতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলির পরিচালনা পরিষদের সদস্যদের সমন্বয়ে একটি ফোরাম গঠন করিতে হইবে। আশা করি সরকার এ ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণে আগাইয়া আসিবেন।

—মোঃ জিয়াউল হক মৃধা, এডভোকেট, গ্রাম ঃ নোয়াগাঁও, পোঃ নোয়াগাঁও, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।